

🖪 মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯:১৮

া আরবি মূল আয়াত:

قَالَت اِنِّي اَعُوذُ بِالرَّحمٰنِ مِنكَ اِن كُنتَ تَقِيًّا ﴿١٨﴾

🗚 অনুবাদসমূহ:

মারইয়াম বলল, 'আমি তোমার থেকে পরম করুণাময়ের আশ্রয় চাচ্ছি, যদি তুমি মুক্তাকী হও'। — আল-বায়ান মারইয়াম বলল, 'আমি তোমা হতে দয়াময় আল্লাহর আশ্রয় প্রার্থনা করছি যদি তুমি আল্লাহকে ভয় কর' (তবে আমার নিকট এসো না)।' — তাইসিরুল

মারইয়াম বললঃ তুমি যদি (আল্লাহকে) ভয় কর তাহলে আমি তোমা হতে দয়াময়ের কাছে আশ্রয় চাচ্ছি। — মুজিবুর রহমান

She said, "Indeed, I seek refuge in the Most Merciful from you, [so leave me], if you should be fearing of Allah." — Sahih International

- ১৮. মার্ইয়াম বলল, আমি তোমার থেকে দয়াময়ের আশ্রয় প্রার্থনা করছি (আল্লাহকে ভয় কর) যদি তুমি মুক্তাকী হও।(১)
 - (১) মারইয়াম যখন পর্দার ভেতর আগত একজন মানুষকে নিকটে দেখতে পেলেন, তখন তার উদেশ্য অসৎ বলে আশঙ্কা করলেন এবং বললেনঃ "আমি তোমার থেকে রহমানের আশ্রয় প্রার্থনা করি, যদি তুমি তাকওয়ার অধিকারী হও"। [ইবন কাসীর] এ বাক্যটি এমন, যেমন কেউ কোন যালেমের কাছে অপারগ হয়ে এভাবে ফরিয়াদ করেঃ যদি তুমি ঈমানদার হও, তবে আমার প্রতি যুলুম করো না। এ যুলুম থেকে বাধা দেয়ার জন্যে তোমার ঈমান যথেষ্ট হওয়া উচিত। উদ্দেশ্য এই যে, আল্লাহকে ভয় করা এবং অপকর্ম থেকে বিরত থাকা তোমার জন্যে সমীচীন। [বাগভী] অথবা এর অর্থ: যদি তুমি আল্লাহর নিকট আমার আশ্রয় প্রার্থনাকে মূল্য দাও। তবে আমার কাছ থেকে দূরে থাক। [তাবারী; আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

(১৮) মারয়্যাম বলল, 'আমি তোমা হতে পরম করুণাময়ের আশ্রয় প্রার্থনা করছি; তুমি যদি সংযমশীল হও (তাহলে আমার নিকট থেকে সরে যাও)।'

তাফসীরে আহসানুল বায়ান



 ф hadithbd.com
 কুরআন
 মারইয়াম | Maryam | مَرْيُم |

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2268

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন